কল্যাণীতে এক লাইনে আপ ও ডাউন ট্রেন, চালকের তৎপরতায় রক্ষা

নিজস্ব সংবাদদাতা, কল্যাণী : এক চালকের তৎপরতায় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেল দুটি ট্রেন। নদিয়ায় কল্যাণী স্টেশনের ঘটনা। বৃহস্পতিবার রাত সাড়ে আটটা নাগাদ একই লাইনে চলে আসে আপ এবং ডাউন লোকাল। আপ লোকালের চালক বিষয়টি লক্ষ্য করে ট্রেনটি দাঁড় করিয়ে দেন। আর এতেই রক্ষা পান দুটি ট্রেনের যাত্রীরা।

এক যাত্রী জানান, বৃহস্পতিবার রাতে কল্যাণী স্টেশনের চার নম্বর প্ল্যাটফর্মে দাঁড়িয়ে ছিল শিয়ালদগামী ডাউন কল্যাণী সীমান্ত লোকাল। প্রায় একই সময়ে স্টেশনে ঢুকছিল আর একটি কল্যাণী সীমান্ত লোকাল। সেটিকেও চার নম্বর প্ল্যাটফর্মে ঢোকার সিগনাল দেওয়া হয়। ফলে ডাউন ট্রেন দাঁড়িয়ে থাকাকালীন আপ ট্রেনটিও একই লাইনে ঢুকে পড়ে।

রেল গেট পেরোতেই আপ লোকালের চালক বিষয়টি বুঝতে পারেন। তিনি প্ল্যাটফর্মের কিছুটা আগে ট্রেনটি দাঁড় করিয়ে দেন। ফলে সংঘর্ষের হাত থেকে রক্ষা পায় দুটি ট্রেন। পরে ডাউন ট্রেনটিকে আগে রওনা করিয়ে দেওয়া হয়। পরে রওনা দেয় আপ ট্রেন।এই ঘটনায় ফের রেলের যাত্রী নিরাপত্তা প্রশ্নের মুখে পড়ল। ভুল সিগনাল দেওয়ার কারণেই এই ঘটনা ঘটেছে বলে অভিযোগ যাত্রীদের। উল্লেখ্য, ২০১২ সালের জানুয়ারি মাসে শিয়ালদা-শান্তিপুর শাখার ফুলিয়া স্টেশনে প্ল্যাটফর্মে দাঁড়িয়ে থাকা আপ শান্তিপুর লোকালের সঙ্গে একই লাইনে চলে আসে ডাউন শান্তিপুর-শিয়ালদা লোকাল। দুটি ট্রেনের মুখোমুখি সংঘর্ষ হয়। বৃহস্পতিবারের ঘটনায় রেলের তরফে কোনও বক্তব্য পাওয়া যায়নি।

সভা/অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ(বেলরামমন্দির) আজ শনিবার
আলোচনায় : -উপনিষদ,
পাঠক : স্বামী দিব্যানন্দ
মহারাজ।সময়: ৬-৪৫মি:।

গত ১৫.০৪.১৮ নন্দলীলা চ্যারিটেবলের পক্ষ থেকে ও শ্রী কুশল মহিলা সেবা মণ্ডলের দ্বারা গরীব মানুষদের বিনামূল্যে চক্ষু পরীক্ষা ও চশমা প্রদান করা হল।

উন্নাও ধর্ষণকাণ্ডে অভিযুক্তদের শাস্তির দাবিতে হাওড়ায় অবরোধ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : কাঠুয়া আর উন্নাও এ ধর্ষণকাণ্ড গোটা দেশে প্রভাব ফেলেছে। চারিদিকে দেখা যাচ্ছে ধিক্কার কর্মসূচি। মানুষ প্রতিবাদে শামিল হয়েছেন। লন্ডনে বসে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই ঘটনা খুব দুঃখজনক ও লজ্জাজনক বলে আখ্যা দিয়েছেন। এমনকী উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ এই ঘটনার বিরুদ্ধে প্রতিবাদে সোচ্চার হয়েছেন। তিনি জানিয়েছেন ধর্ষণে অভিযুক্তদের ফাঁসি দিয়ে দেওয়া হোক। গোটা দেশের মতো পশ্চিমবঙ্গের হাওড়াতেও বিক্ষোভ, প্রতিবাদসভা ও অবরোধ হয়। শুক্রবার দফায় দফায় হাওড়া জেলার বিভিন্ন স্থানে রেল ও পথ অবরোধ হয়। এদিন সকালে বিক্ষোভকারীরা হাওড়া-খড়গপুর শাখার দক্ষিণ-পূর্ব রেলের চেঙ্গাইল স্টেশনে ট্রেন অবরোধ করে। এ ছাড়াও উলুবেড়িয়ার নিমদিঘিতে সড়কপথ অবরোধ করেন বিক্ষোভকারীরা। দুপুরে আবার কিছু বিক্ষোভকারী উলুবেড়িয়াতে রাস্তা অবরোধ করেন। ছোট শিশু আসিফকে যেভাবে বর্ষণ করা হয়েছে তার প্রতিবাদে এদিন বিক্ষোভকারীদের অবরোধে প্রায় নাভিশ্বাস হয়ে ওঠে। যানচলাচল ব্যবস্থা অবশ্য পুলিশ খুবই দক্ষতার সঙ্গে মোকাবিলা করে।

ব্যবসায়ীকে মারধর, অভিযোগ খতিয়ে দেখতে ঘটনাস্থলে সেনা আধিকারিক

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : ব্যারাকপুরে ব্যবসায়ী রাজীব দত্তকে মারধরের ঘটনায় পদক্ষেপ করল সেনা। ঘটনাস্থল পরিদর্শন করলেন ব্যারাকপুর সেনা ছাউনির আধিকারিক কর্নেল ভাদুড়ি। বৃহস্পতিবার কর্নেল ভাদুড়ি টিটাগড় থানার আইসি ও ব্যারাকপুর পুরসভার প্রধান উত্তম দাসকে সঙ্গে নিয়ে রাজীব দত্তর দোকানে যান। দোকানের ছবি তোলেন ও ব্যবসায়ীর সঙ্গে কথা বলেন। পাশাপাশি তিনি রাজীববাবুর চিকিৎসার খরচ ও দোকানের ক্ষতিপূরণ দেওয়ার কথা বলেন। সেনার তরফে বিভাগীয় তদন্ত শুরু হয়েছে বলে সূত্রে খবর। ১৭ এপ্রিল সন্ধেয় রাজীব দত্তর দোকানের সামনে এক সেনা আধিকারিকের স্ত্রীর গাড়ি রাখাকে কেন্দ্র করে ঝামেলার সূত্রপাত। অভিযোগ, ওই সেনা আধিকারিকের স্ত্রী রাজীববাবুর দোকানের সামনে তাঁর গাড়িটি রেখেছিলেন।

রাজীববাবু সেই ঘটনায় প্রতিবাদ করলে সেনা ছাউনি থেকে ওই মহিলা ২০ জন জওয়ানকে এনে তাঁকে মার খাওয়ান বলে অভিযোগ। ভাঙচুর করা হয় তাঁর দোকানেও। রাজীববাবুকে বিএম বসু মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। ওইদিন রাতে টিটাগড় থানায় অভিযোগ জানান রাজীববাবু।

সেই অভিযোগের পরিপ্রেক্ষিতে বৃহস্পতিবার ঘটনাস্থল পরিদর্শনে আসেন কর্নেল ভাদুড়ি। তিনি টিটাগড় থানার আইসি ও ব্যারাকপুর পুরপ্রধানের সঙ্গে কথা বলেন। তবে সাংবাদিকদের সামনে কিছু বলেননি।

পুরপ্রধান উত্তম দাস বলেন, 'সেনা তাদের মতো ব্যবস্থা নেবে। পুরসভা তাদের মতো ব্যবস্থা নেবে।'

নাবালিকাকে যৌন নিগ্রহের অভিযোগে ধৃত প্রতিবেশী

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : বছর পাঁচেকের এক নাবালিকাকে যৌন নির্যাতনের অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতার করল পুলিশ। ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনার হাবড়া থানার অন্তর্গত পুরনো হাসপাতাল রোডে। ধৃতের নাম রবীন দে (৪৫)। অভিযোগ, বৃহস্পতিবার ওই নাবালিকাকে বিস্কুট খাওয়ানোর নাম করে নিয়ে যৌন নির্যাতন করে সে। ঘটনা জানাজানি হলে নাবালিকার পরিবারের অভিযোগের ভিত্তিতে ওই ব্যক্তিকে গ্রেফতার করে পুলিশ। বারাসত আদালতে তোলা হলে ধৃতকে জেলা হেফাজতের নির্দেশ দিয়েছেন বিচারক। জানা গেছে, ধৃত রবীন নাবালিকার প্রতিবেশী। সম্পর্কে সে দাদু হয়। বৃহস্পতিবার বছর পাঁচেকের ওই নাবালিকাকে নিজের ঘরে বিস্কুট খাওয়ানোর নাম করে নিয়ে যায়। অভিযোগ, নাবালিকাকে যৌন নির্যাতন করে। নাবালিকা কাঁদতে শুরু করলে রবীন তাকে ছেড়ে দেয়। এমনকী কাউকে কিছু না বলার কথাও জানায় সে। যদিও বাড়ি ফিরে তার মাকে সব জানায় নির্যাতিতা নাবালিকা। পরে হাবরা থানায় রবীন দে'র বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করে নাবালিকার পরিবার। অভিযোগের ভিত্তিতে হাবড়া থানার পুলিশ গ্রেফতার করে অভিযুক্ত রবীনকে। বৃহস্পতিবার তাকে বারাসত আদালতে তোলা হয়। বিচারক জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন। ধৃতের বিরুদ্ধে পক্সো আইনে মামলা রুজু করা হয়েছে।

হাওড়ার বেলুড়ে ধরা পড়ল সশস্ত্র ডাকাতদল

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : পুলিশের বিশেষ অভিযানে হাওড়ার বেলুড় জঙ্গি সিং এলাকা থেকে ধরা পড়ল সশস্ত্র ডাকাতদল। গোপনসূত্রে খবর পেয়ে অভিযান চালিয়ে বৃহস্পতিবার গভীর রাতে বেলুড় থেকে চার দুষ্কৃতীকে ধরা হয়। এদের কাছ থেকে একটি দেশি পাইপগান, ২ রাউন্ড কার্তুজ, ধারাল অস্ত্র সহ চারটি মোবাইল ফোন বাজেয়াপ্ত হয়। এরা রাতে ডাকাতির উদ্দেশ্যে জড়ো হয়েছিল।পুলিশ সূত্রে জানা গেছে, ধৃতদের নাম শেখ মিনার আলি ওরফে পেপাল, বান্টি দাস, দেবেন্দু দাস ও নরোত্তম জয়সোয়াল ওরফে নাড়ু। এরা সকলেই বেলুড়ের বাসিন্দা। বিভিন্ন থানায় এরআগেও এদের নামে একধিক অভিযোগ রয়েছে, শুক্রবার এদের হাওড়া আদালতে তোলা হয়। পুলিশ সূত্রে। জানা গেছে এদের পুলিশি হেফাজতে নেওয়া হবে এই দলে আরও কে কে আছে কোথায় এদের ডাকতি করার কথা ছিল সেই সব জানার জন্য এই চার জনকে হেফাজতে চাওয়া হয় বেলুড় থানার তরফ থেকে।

জমি বিবাদের জেরে দুই পরিবারের সংঘর্ষ, মৃত ১

নিজস্ব সংবাদদাতা, তাহেরপুর : জমি বিবাদের জেরে সংঘর্ষের ঘটনায় মৃত্যু হল এক ব্যক্তির। বৃহস্পতিবার ঘটনাটি ঘটেছে নদিয়ার তাহেরপুর থানার পাড়ুই গ্রামে। মৃতের নাম দুলাল মণ্ডল। তাঁর পরিবারের তরফে খুনের অভিযোগ নিয়ে অভিযোগ দায়ের করা হলে দু'জনকে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, বেশ কিছুদিন ধরেএকটি জমি নিয়ে দুলালবাবুর সঙ্গে তাঁর ভাইপোর বিবাদ চলছিল। সম্প্রতি, দুই ভাইপো জমিটি বিক্রির উদ্যোগ নেয়। বৃহস্পতিবার জমি মাপার কাজ চলছিল। সেই সময় উভয়পক্ষের মধ্যে বচসা বাধে। বচসা থেকে হাতাহাতি শুরু হয়। পরে তা সংঘর্ষের চেহারা নেয়। জখম হন দু'পক্ষের চারজন। দুলালবাবু ও তাঁর ছেলেকে শক্তিনগর জেলা হাসপাতালে ও বাকিদের রানাঘাট মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। রাতেই শক্তিনগর হাসপাতালে মৃত্যু হয় দুলালবাবুর।

রাতেই খুনের অভিযোগ দায়ের করে দুলালবাবুর পরিবার। অভিযোগের ভিত্তিতে দুই ভাইপোকে গ্রেফতার করে পুলিশ। শুক্রবার তাদের রানাঘাট মহকুমা আদালতে তোলা হয়।

মুর্শিদাবাদ হাসপাতালে আগুন, পরে নিয়ন্ত্রণে

নিজস্ব সংবাদদাতা, মুর্শিদাবাদ : আগুন লাগল মুর্শিদাবাদ মেডিকেল কলেজ ও হাসপাতালে। শুক্রবার সকালে মাতৃ মা বিভাগে একটি এসি মেশিনে আগুন দেখতে পান রোগীরা তাঁদের পরিজনরা খবর দেওয়ায় হয় দমকলে। দমকলের একটি ইঞ্জিন গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে।

বেলুড় মঠে ত্রিপুরার রাজ্যপাল



নিজস্ব সংবাদদাতা, হাওড়া : ব্যক্তিগত সফরে বৃহস্পতিবার শুক্রবার বেলুড় মঠে আসেন ত্রিপুরার রাজ্যপাল তথাগত রায়। এদিন সকাল ১০.৩০ নাগাদ তিনি মঠে আসেন। শ্রীরামকৃষ্ণ দেবের মন্দিরে প্রণাম সেরে তিনি মঠাধ্যক্ষের সঙ্গে দেখা করেন। সাংবাদিকদের কথায় রাজনৈতিক কোনও প্রশ্নের জবাব তিনি দিতে চাননি। পঞ্চায়েত নির্বাচন নিয়েও তিনি মুখ খুলতে চাননি। তবে নির্বাচনের মারামারি কখনই কাম্য নয় বলে তাঁর অভিমত। তবে ও বিষয়ে তিনি বিশদে কিছু জানাতে চাননি।

সাঁতরাগাছিতে বাস দুর্ঘটনা, আহত ২০

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ার সাঁতরাগাছিতে ঘটল বড়সড় দুর্ঘটনা। একটি সরকারি বাস ওভারটেক করতে গিয়ে একটি লরিকে ধাক্কা মারে। ঘটনাটি ঘটেছে শুক্রবার সকালে জানা গেটের কাছে। এই দুর্ঘটনায় আহত হলেন ২০ জন যাত্রী। পুলিশসূত্রে খবর, এদিন সকালে অফিস টাইমে একটি যাত্রী বোঝাই সরকারি বাস সাঁতরাগাছির দিক থেকে ধর্মতলার দিকে যাচ্ছিল। সাঁতরাগাছি ব্রিজ পার হয়ে দ্বিতীয় হুগলি সেতুর দিকে যাওয়ার সময় জানা গেটের কাছে একটি কন্টেনারকে ওভারটেক করার সময় কন্টেনারটিকে ধাক্কা মারে সেই বাসটি। বাসটি ধাক্কা মারার পর নিয়ন্ত্রণ হারিয়ে বাসটি উল্টে পড়ে। এই দুর্ঘটনায় আহত হন ২০ জন। দুর্ঘটনার সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে এসে পৌঁছান হাওড়া সিটি পুলিশের কর্মীরা। আহতদের উদ্ধার করে নিয়ে আসা হয় হাওড়া হাসপাতালে। এদের মধ্যে কয়েকজনকে প্রাথমিক চিকিৎসারপর ছেড়ে দেওয়া হয়। বাকিদের চিকিৎসা চলছে। দুর্ঘটনার এক প্রত্যক্ষদর্শী অসীম জানা জানিয়েছেন বাসচালকের তৎপরতার উল্টে যায়নি বাসটি। উল্টে গেলে জীবনহানীর ঘটনা ঘটতে পারত বলে আশঙ্ক প্রকাশ করেন তিনি।

এই দুর্ঘটনার ফলে সাঁতরাগাছি ব্রিজ সহ কোনা এক্সপ্রেসওয়েতে যান চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। পরে পুলিশি হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয়।

তৃতীয় শ্রেণির ছাত্রীকে যৌন হেনস্থা গৃহশিক্ষকের

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : তৃতীয় শ্রেণির একজন স্কুল ছাত্রীকে যৌন হেনস্থার অভিযোগ উঠেছে এক শিক্ষকের বিরুদ্ধে। ঘটনাটি পাথরপ্রতিমার দক্ষিণ গোপালনগর এলাকার। অভিযুক্ত শিক্ষক স্কুল ছাত্রীদের প্রাইভেট টিউশন পড়াতে। বৃহস্পতিবার সকালে ছু টি দিয়ে তৃতীয়শ্রেণীর ছাত্রীকে থেকে যেতে বলেন। ছাত্রীটির মা মেয়ের দেরি হওয়ার কারণ জানতে চাওয়ায় মেয়েটি মাকে ঘটনাটি জানায়। মেয়েটির মা পাথরপ্রতিমা থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। অভিযুক্ত শিক্ষক এখনও গ্রেফতার হন।

গতকালের সমাধান

৯	৩	৫	৮	১	২	৬	৭	৪
৬	১	৪	৯	৭	৪	৫	৩	২
৭	২	৩	৫	৬	৪	৯	১	৪
৫	৬	৪	২	৩	৭	৯	১	৪
৩	৯	১	৪	৬	৪	২	৫	৭
৪	২	৭	৬	৯	১	৪	৩	৫
৭	৪	৩	৬	৪	৯	১	২	৫
১	৪	৬	৭	২	৫	৩	৪	৯

— সমাধানের নিয়ম —

এমন ভাবে খুশ ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

	৩			২			৫	৬
		২		৫				
		৪		১	৭			
	৯	৪	৬			৩	২	
			৯		৪			
	৬	৭			৫	৯	৪	
			৭	৯		৫		
				৬		২		
৫	২			৪			৩	

আবহাওয়া

পূর্বাভাস: শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩১ ডি গ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৭ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।১১, **সূর্যাস্ত:** ঘ ৫:৫৭ **জোয়ার:** বিকেল : ৫:১১। **ভাটা:** সকাল : ১২:১৩।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা(১০ গ্রাম):	৩১,৮০০
গহনা সোনা(১০ গ্রাম):	৩০,২০০
হলমার্কগহনা:	২৯,৬৫৫
(২২ ক্যারেট ১০ গ্রাম):	
রুপোর বাট (প্রতি কেজি):	৪১,৮০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪১,৯০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যশুল্ক কর আলাদা)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	: 66.0167
INR / 1 Euro	: 81.4580
INR / 100 Jap. YEN	: 61.4000
INR /1 Pound Sterling	: 92.7271

শেয়ারসূচক

BSE 34,415.58 ▼ (-11.71)
NIFTY 10,564.05 ▼ (-1.25)

শব্দলিপি- ১১৭১

গৌড়ীয় মিশনে শ্রীকৃষ্ণের চন্দনযাত্রা মহোৎসব

সত্যযুগের শ্রীপুরুষোত্তমদেব (শ্রীজগন্নাথ) তাঁর ভক্ত পরম সত্যবাদী, বিদ্বান ও অশেষ মহাসদগুণ বিভূষিত বিষ্ণুভক্ত প্রজাপালক বৈষ্ণবরাজ ইন্দ্রদ্যুম্নকে বললেন, বৈশাখ মাসের শুক্ল পক্ষে অক্ষয় তৃতীয়া তিথিতে সুগন্ধী চন্দন দিয়ে আমার অঙ্গ লেপন করবে।এইভাবে চন্দন যাত্রা উৎসবের শুরু হয়, যা চলে পরবর্তী শুক্লা অষ্টমী তিথি পর্যন্ত। রাজা ইন্দ্রদ্যুম্নকে দেওয়া শ্রীপুরুষোত্তমদেবের আদেশ অনুসারে হরিসেবকগণ অন্তোগার্থ মালাচন্দন প্রভৃতির গ্রহণ বা ত্যাগ করেন নটে, কিন্তু তাঁরা শ্রীহরির উচ্ছিষ্ট মালাচন্দন প্রভৃতির অকপট সেবা-বুদ্ধির সঙ্গে গ্রহণ থাকেন, সেবোন্মুখ ভগবদ্ভক্তগণ অহৈতুকী সেবাবৃদ্ধি নিয়েই শ্রীহরির অঙ্গে চন্দনাদি অনুলেপন করেন। সচ্চিদানন্দবিগ্রহ শ্রীপুরুষোত্তমের শ্রীঅঙ্গে চন্দন লেপন করলে পুরুষাধমগণের ত্রিতাপক্লিষ্ট দেহের তাপসমূহ অনায়াসেই বিনষ্ট হয়।

চন্দনযাত্রা প্রসঙ্গে গৌড়ীয় মিশনের প্রতিষ্ঠাতা শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভু পাদ বলেছেন, "জগতের বিচিত্র ভোগোপকরণগুলি যদি একশ্রেণির লোক বৃথা বিনষ্ট হইয়া যাইবার জন্য কাকবিষ্ঠাবৎ দূরে নিক্ষেপ করেন, তাহা হইলে ঐরূপ ভোগসাধক দ্রব্যগুলি বৃথা নষ্ট হইয়া যাইতেছে দেখিয়া আর এক শ্রেণির লোক নিশ্চয়ই তাহা ভোগছাড়া সার্থকতা-মণ্ডিত করিবার অভিপ্রায়ে আহরণ করিয়া লইবেন; সুতরাং ত্যাগিসম্প্রদায় পরোক্ষভাবে ভোগি-সম্প্রদায়ের ভোগেরইইন্ধন যোগাইয়া দিয়া তাহাদের প্রতি হিংসা করিয়া থাকেন। আর নিজেরাও অবৈধ ও অস্বাভাবিক ত্যাগীর আদর্শদ্বারা প্রয়োজনীয় বস্তুগুলিকে অযথা বিনষ্ট করিবার অনধিকারোচিত কার্য্যের অপরাধে অপরাধী ও ভোগীকুলের দ্বারা প্রতিহিংসিত হন।

"সেবাসিদ্ধান্তবিৎ সম্প্রদায় কিন্তু অকচন্দনাদির উপভোগলালসায় জড়বিলাসী বা অকচন্দনাদি ত্যাগের অত্যাগ্রহে ভোগ ও ত্যাগ অতীব স্বাভাবিক ও পরম শুভসাধক।" পূর্ববর্তী বছরগুলির মতো এবছরও ৪ বৈশাখ, ১৪২৫ (ইং ১৮ এপ্রিল, ২০১৮), বুধবার, শুভ অক্ষয় তৃতীয়া থেকে ২৪ বৈশাখ, ১৪২৫ (ইং ৮ মে, ২০১৮) মঙ্গলবার পর্যন্ত গৌড়ীয় মিশনের প্রধান কার্যালয় বাগবাজারস্থিত শ্রীগৌড়ীয় মঠে ধারাবাহিকভাবে ২১ দিন ব্যাপী ভগবান শ্রীশ্রীকৃষ্ণের চন্দনযাত্রা মহোৎসব যথাবিধি উদযাপিত হবে। এই উপলক্ষেও প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে চন্দনলেপন, পুষ্পশৃঙ্গারাদি ভগবৎ আবির্ভাবাদি তিথি পূজা এবং শ্রীচৈতন্যরিতামৃত শ্রীমদ্ভাগবত পাঠ, ভুবনমঙ্গল শ্রীহরি সংকর্তন মহোৎসব অনুষ্ঠিত হবে।

উল্লেখ করা যায়, শ্রীশ্রীকৃষ্ণের আবির্ভাব শ্রীজন্মাষ্টমীর মতো চন্দনযাত্রা উপলক্ষও শ্রীগৌড়ীয় মঠে বিপুল ভক্ত-দর্শনার্থী সমাগম হয়। চন্দনযাত্রার সময় বিশেষত সন্ধ্যায় তাঁরা প্রচুর সংখ্যায় সমবেত হন।

Change of Name

I, "ROHIT AGARWAL (NEW NAME), SON OF OM PRAKASH AGARWAL, PREVIOUSLY CALLED ROHIT SINGHAL (OLD NAME), RESIDENT OF "SWAPNAALOK APPARTMENT", 20, SALKIA SCHOOL ROAD, 6TH FLOOR, FLAT NO. 601, HOWRAH-711106, P.S. GOLABARI, HEREBY SOLEMNLY DECLARE THAT I WILL BE KNOWN / PRONOUNCED AS "ROHIT AGARWAL" (NEW NAME) IN ALL THE GOVERNMENT / PRIVATE DOCUMENTS WITH IMMEDIATE EFFECT VIDE NOTARY PUBLIC AFFIDAVIT BEFORE CMM'S COURT AT BANKSHALL COURT, KOLKATA ON 19.04.2018

Change of Name

I,Bikram Kumar Boudh S/o. Panna Lal Boudh R/o, 168H/6. Tiljala Road, P.S.-Karaya Road, Kolkata-700046, has changed my name to MD. AKRAM BOUDH for all purposes. As per Affidavit Sworn before Notaty Public at C.M.M.'S Court, Kolkata dated 19.04.2018.

Change of Name

I, FATEMA BAI, W/O HUSAINI BHAI SUNELWALA D/O LATE ISMAIL BHAI, R/O, 108/A, ELLIOT ROAD 2ND FLOOR, PO+PS : PARK STREET, KOLKATA-700016 SHALL HENCEFORTH BE KNOWNAS FATEMA BAI SUNELWALA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATA ON 20.04.18.

Change of Name

I, HUSAINI SUNELY HUSAINI GULAM ALI SUNELWALA, S/O LATE GULAM ALI SUNELWALA R/O, 108/A, ELLIOT ROAD, 2ND FLOOR, PO+PS: PARK STREET, KOLKATA-700016, SHALL HENCEFORTH BE KNOWN AS HUSAINI BHAI SUNELWALA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATA ON 20.04.18.